

# ত্রৈমাসিক সমবায় বার্তা

CO-OPERATIVE NEWS LETTER

মার্চ ২০১৮

যে ভাষণ  
এখনও  
প্রতিধ্বনিত  
হয়

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার”-এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যে”র স্বীকৃতি লাভ

ইউনেস্কো ৩০ অক্টোবর, ২০১৭ তারিখে বিশ্বের ডকুমেন্টারী ঐতিহ্যের অংশ হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ স্বীকৃতি পেয়েছে। জাতির পিতার ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে, এটি ইউনেস্কো কর্তৃক পরিচালিত বিশ্বের গুরুত্বপূর্ণ তথ্যচিত্রের তালিকা। ইউনেস্কোর মহাপরিচালক ইরিনা বোকোভা প্যারিসে ইউনেস্কোর সদর দপ্তরে গত ৩০ অক্টোবর এ সিদ্ধান্ত ঘোষণা করেন। ১৯৭১ সালের ৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর ঐতিহাসিক ভাষণে মুক্তিকামী বাঙালির

প্রতি পাকিস্তানি শাসকদের বিরুদ্ধে সংগ্রামের আহ্বান জানিয়েছিলেন। তৎকালীন রেসকোর্স (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) ময়দানে বিশাল জনসমাবেশে বঙ্গবন্ধু তাঁর ভাষণে বলেন, “...প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোলা। তোমাদের যা কিছু আছে তা নিয়ে শত্রুর মোকাবেলা করতে হবে।”

“মনে রাখবা রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো। এদেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাআল্লাহ।”

“এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।”

